# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** কমলপুর গ্রামে প্রায় দেড় হাজার লোকের বাস। সংখ্যাগরিষ্ঠ মুসলমান হলেও অন্যান্য ধর্মের চলাফেরা ও এখানে পারস্পরিক সম্পর্ক ও সহানুভূতির মাধ্যমে বসবাস করে। কারও বিপদে আপদে তারা দলগতভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। এজন্য এ গ্রামের সকলে মিলে একটি ক্লাবও গঠন করেছে। তাদের মধ্যে আদর্শগত ভিন্নতা থাকলেও দলবদ্ধভাবে বসবাসের মধ্য দিয়ে এক জটিল সামাজিক সম্পর্ক স্থাপিত হয়েছে।

ক. সিভিস শব্দের অর্থ কী? ১

খ. সরকার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কমলপুর গ্রামের বর্ণনায় কীসের ধারণা পরিলক্ষিত হয়েছে— তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উক্ত ধারণার সাথে পরিবারের সম্পর্ক মূল্যায়ন কর। ৪

**২.▶** নাগরিক ও নাগরিকতা বিষয়টি পড়ানো শুরুতে অমল স্যার বোর্ডে কয়েকটি বিষয় লিখলেন অমল স্যার লিখেছেন—

১. রাষ্ট্রের স্থায়ী বাসিন্দা।

২. রাষ্ট্রের প্রতি আনুগত্য স্বীকার।

৩. রাষ্ট্র প্রদত্ত সামাজিক ও রাজনৈতিক অধিকার ভোগ করে।

৪. প্রতিরক্ষা বাহিনীতে যোগ দিতে হবে।

ক. দ্বৈত নাগরিকতা কী? ১

খ. জন্মস্থান নীতিতে কীভাবে একজন নাগরিকতা লাভ করে। ২

গ. অমল স্যারের লিখিত বিষয়গুলোতে কীসের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অমল স্যারের লিখিত বিষয়টি দ্বারা যা বোঝা যায় তা কীভাবে অর্জন করতে হয়? বিশ্লেষণ কর। ৪

**৩.▶** দক্ষিণ এশিয়ার বৌদ্ধ জনগোষ্ঠী অধ্যুষিত দেশ মায়ানমার। এদেশে প্রায় ৮ লক্ষ মুসলিম রোহিঙ্গা বসবাস করলেও তাদের নিজস্ব স্বাধীনতা বলতে কিছুই নেই। মায়ানমারের পশ্চিমাঞ্চলে বসবাসরত রোহিঙ্গা সংখ্যালঘু জনগোষ্ঠীকে এদেশের অবৈধ অধিবাসী হিসেবে উল্লেখ করা হয়। সম্প্রতি সংখ্যাগরিষ্ঠ বৌদ্ধ ও সংখ্যালঘু রোহিঙ্গাদের মধ্যে জাতিগত দাঙ্গার সূত্রপাত ঘটলে রোহিঙ্গাদের স্বাধীনতা যেমন বিপর্যস্ত হয়েছে তেমনি এদেশের জাতীয় স্বাধীনতাও সংকটের মুখে পতিত হয়েছে।

https://teachingbd24.com

ক. আইন কী? ১
খ. আইনের শাসনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত সাম্প্রতিক সময়ের জাতিগত দাঙ্গার ফলে রোহিঙ্গাদের ক্ষেত্রে কী ধরনের স্বাধীনতার বিপর্যয় ঘটেছে তা আলোচনা কর। ৩
ঘ. রোহিঙ্গা জনগোষ্ঠীর স্বাধীনতা রক্ষার উপায় হিসেবে কোন ধরনের পদক্ষেপ অধিক কার্যকর বলে মনে কর? তা বিশ্লেষণ কর। ৪

৪.▶ চিমা এবং হাডসন ভিন্ন দুই দেশের নাগরিক। দুইজনই সৌদিআরবে শ্রমিকের কাজ করে। সে সূত্রে দুইজন বন্ধু। কথা প্রসঙ্গে চিমা হাডসনকে জানায় তাদের দেশে একজন মাত্র শাসকের ইচ্ছায় রাষ্ট্র চলে। শাসক যেভাবে চান সেখানে দেশ পরিচালিত হয়। এখানে জনগণের মতামতের কোনো মূল্য দেওয়া হয় না। অপরদিকে হাডসন বলে, তাদের দেশে জনগণের ইচ্ছাতে রাষ্ট্র পরিচালিত হয়, জনগণই সরকার নির্বাচন করে এবং সে সরকার দেশ পরিচালনা করে।

ক. সরকার কী? ১
খ. একনায়কতন্ত্র বিশ্বশান্তির বিরোধী— ব্যাখ্যা কর। ২
গ. চিমা এবং হাডসনের দেশের কোন ধরনের সরকার প্রচলিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিমা এবং হাডসনের দেশের সরকারের মধ্যে পার্থক্য কোথায়? ৪

৫.▶ একই ভাষা, সংস্কৃতি, অর্থনৈতিক ক্ষমতা এবং ধর্মীয় নিরপেক্ষতার ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান রচনা করা হলো। এ রাষ্ট্রের সংবিধানে রাষ্ট্রের সকল কাজে জনগণের অংশগ্রহণ নিশ্চিত আইন সভার মোট ২১০ জন সদস্যের মধ্যে ১৪০ জনের সম্মতি না থাকায় বিলটি বাতিল হয়ে যায়।

ক. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়। ১
খ. অলিখিত সংবিধান কী? ব্যাখ্যা কর। ২
গ. সংশোধনের ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান কোন শ্রেণির ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' রাষ্ট্রের সংবিধানে বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্যের প্রতিফলন লক্ষ করা যায় বিশ্লেষণ কর। ৪

৬.▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




https://teachingbd24.com

ক. সরকার স্তম্ভ বলা হয় কাকে? ১
খ. বাংলাদেশ সরকারের গঠন পদ্ধতি কীরূপ? ২
গ. খালিঘরে উল্লিখিত প্রশাসনের প্রশাসক যেসব কাজ করে থাকেন, তা বর্ণনা কর।৩
ঘ. খালিঘরে উল্লিখিত প্রশাসনের কাজ বাস্তবায়নের হাতিয়ার হলো উপজেলা প্রশাসন মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমের সর্ববৃহৎ প্রদেশ বেলুচিস্তান। এ প্রদেশের সাবেক মুখ্যমন্ত্রী বেলুচিস্তান ন্যাশনাল পার্টির প্রধান হলেন মরদার আখতার মেজ্ঞালের যুক্তরাজ্যে তিন বছর স্বেচ্ছায় নির্বাসন কাটানোর পর দেশে ফিরে সম্প্রতি তিনি বেলুচিস্তানের সমস্যা সমাধানের জন্যে কেন্দ্রীয় সরকারের কাছে ছয় দফা দাবি তুলে ধরেন। এ দাবির মধ্যে উল্লেখযোগ্য হলো বেলুচিস্তানের স্বায়ত্তশাসন এবং স্বাধীনতার আন্দোলনকে জোরদার করা। তার ছয় দফা দাবিকে বঙ্গবন্ধুর ছয় দফা দাবির সাথে তুলনা করা যায়।

ক. গণতান্ত্রিক সরকার কী? ১
খ. এক ব্যক্তি এক ভোট এ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মেজ্ঞালের রাজনৈতিক দলের কর্মসূচির সাথে বাংলাদেশের কোন রাজনৈতিক দলের মিল রয়েছে তা বর্ণনা কর। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে উক্ত রাজনৈতিক দলের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৮.▶ রহনপুর গ্রামের অরুনা মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হলে বাবা-মা তাকে বিয়ে দেন। যৌতুকের টাকা না পেয়ে তার স্বামী তাকে মারধর ও নির্যাতন করে। অরুণার এ ঘটনা তার বাবা-মাকে জানালে স্থানীয় কর্তৃপক্ষ সালিশের মাধ্যমে সমস্যার সমাধান করেন। ফলে সকলেই মামলা সংক্রান্ত জটিলতা ও হয়রানি থেকে রেহাই পান।

ক. কয়টি জেলা নিয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ গঠিত? ১
খ. সিটি কর্পোরেশন গঠন সম্পর্কে লেখ? ২
গ. উদ্দীপকের আলোচনায় গ্রামীণ বিবাদ সমাধানের কোন প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ বলে মনে হয়েছে? তা বর্ণনা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি নাগরিকতার বিকাশে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করছে — বিশ্লেষণ কর। ৪

৯.▶ ২৬ নভেম্বর ২০১২ এক চুক্তির মাধ্যমে দীর্ঘ চার বছর পর বাংলাদেশ থেকে শ্রমিক নিতে নিষেধাজ্ঞা তুলে নেয় মালয়েশিয়া। সরকারি পর্যায়ে এ চুক্তির ফলে বাংলাদেশ থেকে দেশটি পাঁচটি খাতে শ্রমিক নেওয়ার কাজ শুরু করেছে।

https://teachingbd24.com

তাছাড়া দুই দেশের যৌথ উদ্যোগে বাছাইকৃতদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। বিশেষজ্ঞগণ মনে করেন এর ফলে জনসংখ্যা কিছুটা হ্রাস পাবে, সেই সাথে কর্মসংস্থানও বৃদ্ধি পাবে।

ক. কোনটি খাদ্য নিরাপত্তার একটি বিরাট প্রতিবন্ধকতা? ১

খ. জনসংখ্যা সমস্যা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনসংখ্যা সমস্যা সমাধানে কোন কোন বিষয়ের গুরুত্ব প্রতিফলিত হয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমস্যা সমাধানে তুমি কি এসব উদ্যোগকেই যথেষ্ট বলে মনে কর? তোমার উত্তরের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১০.▶ কাজল তার বন্ধুদের সাথে পাকিস্তান শাসনামলের একটি নির্বাচন সম্পর্কিত আলোচনা করছিল। ঐ নির্বাচনে মোট আসন সংখ্যা ছিল ৩০৯। মার্চ মাসে অনুষ্ঠিত এই নির্বাচনে আওয়ামী লীগসহ সমমনা দলগুলো নিয়ে গঠিত যুক্তফ্রন্ট জয়লাভ করে। ভাষা আন্দোলনের পরে অনুষ্ঠিত এই নির্বাচন পূর্ব বাংলায় নাগরিকদের রাজনৈতিক চেতনাকে আরও বৃদ্ধি করে।

ক. মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. ভাষা আন্দোলন বলতে কী বোঝায়? ২

গ. কাজল যে নির্বাচন নিয়ে আলোচনা করছিল ঐ নির্বাচনের ফলাফল ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর এই ধরনের নির্বাচনের মাধ্যমেই বাংলাদেশ স্বাধীনতা অর্জনের কাছাকাছি পৌঁছে গিয়েছিল? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ বৃত্তটি মনোযোগ সহকারে দেশ ও প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. জাতিসংঘ দিবস কোনটি? ১

খ. আন্তর্জাতিক আদালত কেন প্রতিষ্ঠা করা হয়? ২

গ. ‘ক’ চিহ্নিত স্থানের সংগঠনটি গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. বৃত্তে চিহ্নিত ‘ক’ সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. পৌরনীতি কী ধরনের বিজ্ঞান?**
ⓚ নৃবিজ্ঞান
ⓚ গার্হস্থ্য বিজ্ঞান
ⓖ নাগরিকতা বিষয়ক বিজ্ঞান
ⓖ সমাজবিজ্ঞান

**২. আমাদের দেশে কাদের মধ্যে মাতৃতান্ত্রিক পরিবার দেখা যায়?**
(ক) গারো (খ) চাকমা
(গ) সাঁওতাল (ঘ) মণিপুরি

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

লিনা ঝুঁড়ি তৈরি করে বাজারে বিক্রি করে। এতে তার পরিবারের অর্থনৈতিক স্বচ্ছলতা আনয়ন করে।

**৩. লিনার কাজটি পরিবারের কোন ধরনের কাজ?**
(ক) জৈবিক (খ) শিক্ষামূলক
(গ) অর্থনৈতিক (ঘ) বিনোদন

**৪. লিনার কাজটির ক্ষেত্রে কোনটি সর্বাধিক প্রযোজ্য?**
(ক) স্বচ্ছলতা বৃদ্ধি করা
(খ) অন্যকে কর্মক্ষম করে তোলা
(গ) আত্মকর্মসংস্থান সৃষ্টি করা
(ঘ) বাজারে ঝুঁড়ির সংখ্যা বাড়ানো

**৫. সৌদি আরবের শাসনব্যবস্থা কীরূপ?**
(ক) গণতান্ত্রিক (খ) সমাজতান্ত্রিক
(গ) ধনতান্ত্রিক (ঘ) রাজতান্ত্রিক

**৬. রাষ্ট্র পরিচালনার মূল দলিল কোনটি?**
(ক) আইন (খ) অধ্যাদেশ
(গ) সংবিধান (ঘ) দলিল

**৭. কারা রাষ্ট্রের সম্পদ?**
(ক) শহরের অধিবাসী
(খ) সুনাগরিক
(গ) নিরক্ষর লোক
(ঘ) বিদেশি

**৮. তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হয় কোন সংশোধনীর মাধ্যমে?**
(ক) সপ্তম (খ) দশম
(গ) ত্রয়োদশ (ঘ) পঞ্চদশ

**৯. বাংলাদেশের প্রশাসনিক কাঠামো কয় স্তরবিশিষ্ট?**
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) ছয়

**১০. বিভিন্ন মন্ত্রণালয়ের কাজের সমন্বয় করেন কে?**
(ক) সচিব (খ) হুইপ
(গ) সাংসদ (ঘ) প্রধানমন্ত্রী

**১১. জাতিসংঘ কী ধরনের প্রতিষ্ঠান?**
(ক) স্থানীয় (খ) আন্তর্জাতিক
(গ) আঞ্চলিক (ঘ) জাতীয়

**১২. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা কত?**
(ক) পাঁচ (খ) সাত
(গ) দশ (ঘ) পনেরো

**১৩. পুরাতন রাজনৈতিক দল কোনটি?**
(ক) আওয়ামী লীগ (খ) বিএনপি
(গ) জাতীয় পার্টি (ঘ) বাসদ

**১৪. কত সালে আওয়ামী লীগ থেকে মুসলিম শব্দটি বাদ দেয়?**
(ক) ১৯৫১ (খ) ১৯৫২
(গ) ১৯৫৩ (ঘ) ১৯৫৫

**১৫. ব্রুনাইয়ের জনসংখ্যা কত?**
(ক) দুই লক্ষ (খ) তিন লক্ষ
(গ) চার লক্ষ (ঘ) পাঁচ লক্ষ

Teachingbd24.com

১৬. গণতন্ত্রের বাহন কী?
(ক) আইনের শাসন
(খ) নির্বাচন
(গ) অর্থনৈতিক সাম্য
(ঘ) পরমতসহিষ্ণুতা

১৭. বাংলাদেশের আইনসভার নাম কী?
(ক) সুপ্রিম কোর্ট (খ) হাইকোর্ট
(গ) জাতীয় সংসদ (ঘ) সচিবালয়

১৮. 'ডিকটেটর' অর্থ কী?
(ক) একনায়ক (খ) গোয়েন্দা
(গ) গণতান্ত্রিকতা (ঘ) এককেন্দ্রিকতা

১৯. ভারত কোন ধরনের রাষ্ট্র?
(ক) সমাজতান্ত্রিক (খ) রাজতান্ত্রিক
(গ) যুক্তরাষ্ট্র (ঘ) রাষ্ট্রপতি

২০. বাংলাদেশের শাসন বিভাগের সর্বোচ্চ ব্যক্তি কে?
(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী
(গ) বিচারপতি (ঘ) স্বরাষ্ট্রমন্ত্রী

২১. নির্বাচন কমিশনের প্রধান কাজ—
(ক) সীমানা নির্ধারণ করা
(খ) ব্যয় তদারকি করা
(গ) নির্বাচন পরিচালনা করা
(ঘ) পরিচয়পত্র প্রদান করা

২২. প্রকৃত রাজনৈতিক দলের কাছে সবচেয়ে বড় কী?
(ক) দলের স্বার্থ (খ) মানুষের স্বার্থ
(গ) নেতার স্বার্থ (ঘ) দেশের স্বার্থ

২৩. ভারত স্বাধীনতা আইনে কতটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়?
(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

২৪. দরিদ্র পরিবারের নারীরা বঞ্চিত হয়—
(ক) শিক্ষার আলো থেকে
(খ) খাদ্য থেকে
(গ) বস্ত্র থেকে
(ঘ) চিকিৎসা থেকে

২৫. কয়টি কারণে সন্ত্রাস সংঘটিত হয়?
(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

২৬. বাংলাদেশে কতটি সিটি কর্পোরেশন আছে?
(ক) পাঁচটি (খ) সাতটি
(গ) দশটি (ঘ) বারোটি

২৭. স্থানীয় স্বায়ত্তশাসিত সরকারের মর্যাদা কীরূপ?
i. গঠনগত
ii. আইনগত
iii. আদর্শিক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. পার্বত্য পরিষদের প্রধান কে?
(ক) নির্বাচিত চেয়ারম্যান
(খ) নির্ধারিত মেয়র
(গ) নির্বাচিত মন্ত্রী
(ঘ) সাংসদ

২৯. কত সালে জনসংখ্যানীতি গ্রহণ করা হয়?
(ক) ১৯৭০ (খ) ১৯৭২
(গ) ১৯৭৪ (ঘ) ১৯৭৬

৩০. সিটি কর্পোরেশনের মেয়রের মর্যাদা কার সমান?
(ক) মন্ত্রী
(খ) প্রতিমন্ত্রী
(গ) এমপি
(ঘ) নির্বাচন কমিশন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

https://teachingbd24.com